**বারিধারা ডিওএইচএস পরিষদ**

**ঢাকা সেনানিবাস**

**নির্বাহী কমিটির সভার কার্যবিবরণী**

১। বারিধারা ডিওএইচএস পরিষদের কার্যনির্বাহী কমিটির ৯ম সভা ২০ মে ২০২৬ ইং তারিখ সন্ধ্যা ১৯৩০ ঘটিকায় পরিষদের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন পরিষদের প্রেসিডেন্ট কর্নেল এম আব্দুল হাই (অবঃ)। সভায় নিম্নেবর্ণিত সদস্যগন উপস্থিত ছিলেন ঃ

| | | |
|---|---|---|
| ক। | কর্নেল এম আব্দুল হাই (অবঃ) | - প্রেসিডেন্ট |
| খ। | ব্রিগেঃ জেনাঃ এম নজীব হাসান, এনডিসি, পিএসসি, জি (অবঃ) | - সিনিঃ ভাইস প্রেসিডেন্ট |
| গ। | কর্নেল মোহাম্মদ ওয়ালী উল্লাহ (অবঃ) | - ভাইস প্রেসিডেন্ট |
| ঘ। | ব্রিগেঃ জেনাঃ শাহ মোঃ মহিউদ্দিন (অঃ) | - সেক্রেটারী |
| ঙ। | কর্নেল প্রফেসর মোঃ মোশাররফ হোসেন, পিএইচডি (অবঃ) | - জয়েন্ট সেক্রেটারী |
| চ। | গ্রুপ ক্যাপ্টেন এস এম এ খালেদ, এনডিইউ, পিএসসি (অবঃ) | - ট্রেজারার |
| ছ। | মেজর জাফরউল্লাহ খান (অবঃ) | - জয়েন্ট ট্রেজারার |
| জ। | লেঃ কর্নেল মোঃ আব্দুর রব (অঃ) | - মেম্বার সিকিউরিটি |
| ঝ। | ক্যাপ্টেন এম এম আজিজ, পিএসসি, বিএন (অবঃ) | - মেম্বার এ্যাডমিন |
| ঞ। | ডাঃ পারভীন হক চৌধুরী | - সদস্য |
| ট। | এয়ার কমডোর এসএমজি ইয়াজদানী, পিএসসি, পিএইচডি (অবঃ) | - সদস্য |
| ঠ। | মিসেস পারভীন যোবায়দা | - সদস্য |
| ড। | গ্রুপ ক্যাপ্টেন এম রফিকুল হক, পিএসসি (অবঃ) | - সদস্য |
| ঢ। | ক্যাপ্টেন এম ওমর ফারুক (জি), পিএসসি, বিএন (অবঃ) | - সদস্য |
| ণ। | লেঃ কর্নেল আব্দুন নুর খান (অবঃ) | - সদস্য |
| ত। | মিসেস সাবরিনা মফিজ | - সদস্য |
| থ। | কর্নেল জয়নুল আবেদীন (অবঃ) | - সদস্য |

২। সভার জন্য প্রয়োজনীয় কোরাম উপস্থিত থাকায়, সভাপতির অনুমতিক্রমে সভা শুরু করা হয়। সভার আলোচ্য সূচি ও সিদ্ধান্ত নিম্নরূপ ঃ

| **আলোচ্যসূচি ও সিদ্ধান্ত** | **কার্যক্রম** |
|---|---|
| **আলোচ্যসূচি- ০১ ঃ পবিত্র কোরআন থেকে অনুবাদসহ তেলাওয়াত**<br>• বারিধারা ডিওএইচএস জামে মসজিদের মুয়াজ্জিন হাফেজ মাওলানা মোঃ আলী উসমান পবিত্র কোরআনের কয়েকটি আয়াত তেলাওয়াত ও তরজমা করেন। তিনি মহান আল্লাহ্‌র নিকট বারিধারা ডিওএইচএস পরিষদ ইসি সদস্যদের সু-স্বাস্থ্য ও সুন্দর জীবন কামনা করেন। এছাড়া যারা এ যাবৎ কাল পর্যন্ত আমাদের মাঝ থেকে চিরবিদায় নিয়েছেন তাদেরকে স্মরণ করে সর্বশক্তিমান মহান আল্লাহ তা'য়ালার নিকট সকলের রুহের মাগফেরাত কামনা ও শান্তির জন্য দোয়া করেন। | সেক্রেটারী |

| | |
|---|---|
| **<u>আলোচ্যসূচি- ০২ ঃ প্রেসিডেন্ট এর উদ্বোধনী বক্তব্য</u>**<br><br>উদ্বোধনী ভাষণে প্রেসিডেন্ট একজিকিউটিভ কমিটির ৯ম সভায় সকল সদস্যগন স্বতঃস্ফুর্তভাবে অংশ গ্রহণ করায় স্বাগত জানান এবং ধন্যবাদ জ্ঞাপন করে সভার কার্যক্রম শুরু করেন। প্রেসিডেন্ট বলেন যে, ডিওএইচএস এর সকল সমস্যাদি ইসি সদস্যদের উচিত ইসি সভায় খোলা মেলা আলোচনা করে সমাধান করা।<br><br>ক। বর্তমান ইসি সম্মানিত বাসিন্দাদের নিকট বিশেষ করে ২ টি প্রজেক্ট এর উপর বেশি অঙ্গিকার বদ্ধ প্রথমটি ফিটনেস সেন্টারের Vertical Extension এবং দ্বিতীয়টি হলো শিশুদের জন্য সুইমিং পুল নির্মাণ করা। প্রেসিডেন্ট উক্ত প্রজেক্ট ২টি যথাশীঘ্র নির্মাণের জন্য সকল ইসি সদস্যদের সহযোগিতা কামনা করেন।<br><br>খ। বাড়ীর সামনে ময়লা আর্বজনার বস্তা পরিস্কার করতে সংশ্লিষ্ট ব্যক্তিদের অনুরোধ জানান। তিনি বলেন কোন আর্বজনা অরক্ষিত অবস্থায় ফেলে রাখা যাবেনা। পরিষদ হতে অল্প পরিমান টাকা চার্জ করে পরিষদের নিজস্ব পরিবহন ব্যবহার করে ঐ সকল আর্বজনা পরিস্কার করার অঙ্গীকার ব্যক্ত করেন। তিনি আরও বলেন কোন এক সময় ৬ নং রোড এর লেঃ কর্ণেল নাসির হোসের এর নির্মাণ সামগ্রী ও বোল্ডারস এমনকি গাজী ট্যাংকসহ মসজিদের নিকট দীর্ঘদিন মজুদ ছিল। পরিষদ হতে চিঠির পর চিঠি দেয়ার পরও তিনি এসব অপসারণ করেননি। এক পর্যায়ে পরিষদ স্টাফ দিয়ে তাঁর বাড়ির মধ্যে ফেলার প্রচেষ্টা নেয়া হয়। বিষয়টি থানা ও সেনাপ্রধান পর্যন্ত পৌছে। পরে তিনি মূল্য আছে এমন সামগ্রী সরিয়ে নেন। অবশিষ্ট মূল্যহীন দ্রব্যাদি পরিষদ কর্তৃক ১০,০০০/- টাকা খরচ করে স্থানটি পরিস্কার করা হয় যা তিনি অদ্যাবধি প্রদান করেননি।<br><br>গ। কয়েক দিন আগে একটি গাড়ীর আয়না চুরির ঘটনা ঘটেছে। বর্তমান নিরাপত্তা ব্যবস্থা কথা উল্লেখ করে প্রেসিডেন্ট জানান যে আমাদের নিরাপত্তা ব্যবস্থা আরও সুদূর করার জন্য সিসিটিভি ক্যামেরা থাকলেও গাছের ডালা পালার জন্য সিসিটিভিতে কোন ফুটেজে লোকেশন ও ব্যক্তিকে সনাক্ত করা যায়নি। তিনি এ ধরনের কোন obstruction আছে কিনা তা খতিয়ে দেখার জন্য সংশ্লিষ্ট শাখাকে নির্দেশ দেন। তিনি বলেন যে, নিরাপত্তা আমাদের ১ নং প্রায়রিটি, এর পর পরিছন্নতা।<br><br>ঘ। তিনি আরও জানান যে, বর্তমানে আমাদের কাছে এডিআর কমিটির ২টি সংবেদনশীল কেস দীর্ঘদিন অমিমাংসিত রয়েছে। প্রথমটি মেজর জেনাঃ মোহাম্মদ আলী সিকদার এবং দ্বিতীয়টি মিসেস সায়মা আলমগীরের বাড়ীর সমস্যা। তিনি এই ২টি সমস্যার উপর আজকের সভায় বিশেষ গুরুত্ব সহকারে আলোচনা করা হবে এবং প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহন করা হবে বলে জানান।<br><br>ঙ। দূর্গাপুজা কমিটি কর্তৃক কনভেনশন হলের ব্যাপক ব্যবহার করা সত্ত্বেও তাঁদেরকে বেশ পরিমান মূল্যহ্রাসকৃত (Discounted) টাকা পরিশোধ করতে অনুরোধ করা হয়েছিল। কিন্তু পরিতাপের বিষয় সেই মূল চাহিদার বকেয়া পাওনা টাকা এখনও পর্যন্ত পরিশোধ করা হয়নি এবং পরিষদের পত্রের কোন জবাব মেলেনি। পরবর্তীতে দূর্গা পুজারমত ধর্মীয় অনুষ্ঠানের জন্য পরিষদের হল ব্যবহারে অসুবিধা সৃষ্টি হলে পরিষদকে দায়ী করা সমিচীন হবেনা মর্মে উল্লেখ করেন। ট্রেজারার এ প্রসংগে ফলাফল শূন্য অনেক পত্রালাপের কথাও উল্লেখ করেন।<br><br>চ। সিনিয়র মুয়াজ্জিন এর Performance এর ব্যাপারে অনেক অভিযোগ পাওয়া যাচ্ছে, আজকের সভায় সে ব্যাপারে আলোচনা করে সিদ্ধান্ত নেওয়া হবে বলেও তিনি জানান। | সকল ইসি সদস্যবৃন্দ |

| | |
|---|---|
| **<u>আলোচ্যসূচি- ০৩ ঃ নির্বাহী কমিটির ৮ম সভার কার্যবিবরণী অনুমোদন</u>**<br><br>পরিষদ নির্বাহী কমিটির সেক্রেটারী মহোদয় ৮ম এবং জরুরী ইসি সভার কার্যবিবরণী অনুমোদনের জন্য উপস্থাপন করেন। সেক্রেটারী ৮ম সভার আলোচিত বিভিন্ন গুরুত্বপূর্ণ আলোচ্যসূচির উপর আলোকপাত করেন এবং গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি সম্পর্কে সকলকে অবগত করেন। বিশেষ করে ফিটনেস সেন্টার (Vertical Extension) এর বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা হয়। প্রেসিডেন্ট এ ব্যাপারে গঠিত কমিটিকে যত দ্রুত সম্ভব কার্যক্রম শেষে করে তাদের মতামত ও সুপারিশ প্রেরণ করার জন্য অনুরোধ করেন। উক্ত কমিটি সকল কার্যক্রম শেষে করে আগামী ১০ জুন ২০২৬ তারিখের মধ্যে সুপারিশ ও মতামত পরিষদ প্রেসিডেন্ট বরাবর প্রেরণ করবেন।<br><br>পরিশেষে, উক্ত কার্যবিবরণী অনুমোদনের জন্য ডাঃ পারভীন হক চৌধুরী, ইসি সদস্য প্রস্তাব করেন এবং ক্যাপ্টেন এম ওমর ফারুক (জি), পিএসসি, বিএন (অবঃ) ইসি সদস্য সমর্থন করেন। ৮ম ইসি সভার কার্যবিবরনী অনুমোদিত হলো। | সকল ইসি সদস্যবৃন্দ<br><br>সংশ্লিষ্ট কমিটি |
| **<u>আলোচ্যসূচি- ০৪ ঃ ইসি কর্তৃক এপ্রিল ২০২৬ মাসের আর্থিক খরচের অনুমোদন</u>**<br><br>বারিধারা ডিওএইচএস পরিষদের এপ্রিল ২০২৬ মাসের আর্থিক খরচের বিষয়টি ট্রেজারার গ্রুপ ক্যাপ্টেন এস এম এ খালেদ, এনডিইউ, পিএসসি (অবঃ) কর্তৃক ইসিতে অনুমোদনের জন্য উপস্থাপন করেন এবং ব্যালেন্সশীট সম্পর্কে বিস্তারিতভাবে সকলকে অবহিত করেন। ট্রেজারার ইসি'কে অবহিত করেন যে, বর্তমানে পরিষদের ফান্ড পজিশন অনেক কমে গেছে, তাই সকল সদস্যকে বিশেষ করে আপ্যায়ন খাতে খরচ কমানোর অনুরোধ করেন এবং সকল ক্রয়ের ক্ষেত্রে মিতব্যয়ী ও সাশ্রয়ী হওয়ার অনুরোধ করেন। উক্ত আর্থিক খরচে কোন ধরণের মন্তব্য না থাকায় অনুমোদনের জন্য লেঃ কর্ণেল মোঃ আব্দুর রব (অঃ), মেম্বার সিকিউরিটি প্রস্তাব করেন। কর্নেল মোহাম্মদ ওয়ালী উল্লাহ (অবঃ), ভাইস প্রেসিডেন্ট তা সমর্থন করেন। ফলে এপ্রিল ২০২৬ মাসের আর্থিক খরচ ইসি কর্তৃক অনুমোদিত হয়। | সকল ইসি সদস্যবৃন্দ |
| **<u>আলোচ্যসূচি- ০৫ ঃ লেডিস ক্লাবের জন্য ৮০টি হাতলবিহীন চেয়ার ক্রয়ের নীতিগত অনুমোদন।</u>**<br><br>**<u>সিদ্ধান্ত ঃ</u>** বিস্তারিত আলোচনা শেষে, লেডিস ক্লাব সদস্যদের বসার জন্য ৮০টি হাতল বিহীন চেয়ার পর্যায়ক্রমে ক্রয়ের জন্য সর্ব-সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। লেডিস ক্লাবে বর্তমানে রক্ষিত চেয়ারগুলি অফিসের অন্যান্য কাজে ব্যবহার করা হবে। | সেক্রেটারী, ট্রেজারার ও কনভেনার লেডিস ক্লাব |
| **<u>আলোচ্যসূচি- ০৬ ঃ আসমা উল হুসনা এর আবেদনপত্রের ব্যাপারে আলোচনা ও চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ।</u>**<br><br>**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনা শেষে, বিষয়োক্ত পত্র এবং কার্যক্রমের ব্যাপারে ইসি অনুমোদন প্রদান করেননি। | সিনিয়র ভাইস প্রেসিডেন্ট |
| **<u>আলোচ্যসূচি- ০৭ ঃ Removal of grossary shops from the houses with the help of Cantt Board reps. To discuss in particular about fast food shop of House # 401.</u>**<br><br>**সিদ্ধান্ত ঃ** বিষয়োক্ত সমস্যাটি amicably settle হয়েছে তাই এর কার্যক্রম স্থগিত করা হলো। | |
| **<u>আলোচ্যসূচি- ০৮ ঃ Removal of rubbish bags from the houses in order to keep the DOHS more clean.</u>**<br><br>**<u>সিদ্ধান্ত ঃ</u>** বারিধারা ডিওএইচএস এলাকা পরিষ্কার পরিছন্ন রাখা বর্তমান ইসির কাছে নিরাপত্তার পরই ২য় অগ্রাধিকার। তাই অত্র এলাকা পরিস্কার পরিছন্ন রাখার জন্য ক্লিনারগণ কঠোর পরিশ্রম করে যাচ্ছে। প্রায় সময়ে ডিওএইচএস এ কিছু কিছু বাড়ীর মালিক তাদের বাড়ীর সামনে ব্যাগ ভর্তি ময়লা আর্বজনা/রাবিশ স্তুপ করে রাখে এবং তা অপসারনের কোন ব্যবস্থা নেয় না। আলোচনা শেষে উক্ত আর্বজনা পরিস্কার করার | মেম্বার এ্যাডমিন |

| | |
|---|---|
| জন্য পরিষদের পিকঅ্যাপ দিয়ে অপসারন করার সিদ্ধান্ত গৃহিত হয়। সেক্ষেত্রে বাড়ীর মালিকগণ থেকে প্রতি ব্যাগ/বস্তার জন্য নূন্যতম ১৫ টাকা হারে ফি নেয়ার সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| **আলোচ্যসূচি- ০৯ ঃ Remuneration given to Timo Azeez is proposed to be increased by Tk 4,000/-.**<br><br>**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনা শেষে, মি. আজিজ টিমো, ফিটনেস সেন্টার থেকে প্রাপ্ত মাসিক সম্মানী ১৬,০০০/- টাকা থেকে বাড়িয়ে দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়। বর্তমান দ্রব্যমূল্যের উর্দ্ধগতির কারনে সবদিক বিবেচনা করে মাসিক সম্মানী আরো ৪,০০০/- বৃদ্ধি করে সর্বমোট ২০,০০০/- (বিশ হাজার) টাকা প্রদান করার সর্ব-সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। এছাড়াও ফিটনেস সেন্টারের টেকনিশিয়ান জনাব শান্তর মাসিক সম্মানীও ২,০০০/- বৃদ্ধি করা হয়। এই বৃদ্ধি আগামী ০১ জুলাই ২০২৬ থেকে কার্যকরী হবে। | সেক্রেটারী ও ট্রেজারার |
| **আলোচ্যসূচি- ১০ ঃ শেখ আমির হোসেন, সিইও, দি সাইন শপ এর আবেদনপত্রের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন।**<br><br>**সিদ্ধান্ত** ঃ বিস্তারিত আলোচনা শেষে, শেখ আমির হোসেন, সিইও, দি সাইন শপ অনেক বছর যাবৎ অত্র ডিওএইচএস এলাকায় সুনামের সাথে বিজ্ঞাপন প্রদর্শন এবং পরিষদের চাহিদা অনুযায়ী কাজ করে আসছে। সকল দিক বিবেচনা করে তার আবেদন অনুযায়ী বার্ষিক ভিত্তিতে অত্র পরিষদকে চার কিস্তির মাধ্যমে ৪,০০,০০০/- (চার লক্ষ) সাবসক্রিপশন প্রদানের মাধ্যমে অত্র এলাকায় ৩ বছর মেয়াদের জন্য বিজ্ঞাপন প্রদর্শন করার প্রস্তাব সর্ব-সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। উল্লেখ্য, উক্ত ঠিকাদারের বিদ্যমান চুক্তিসমূহ বাতিল বলে গণ্য করা হবে। যথাশীঘ্র সম্ভব একটি খসড়া চুক্তি প্রেসিডেন্টের অনুমোদনের জন্য উপস্থাপন করতে ক্যাপ্টেন এম এম আজিজ, পিএসসি, বিএন কে অনুরোধ জানান। | সেক্রেটারী ও মেম্বার এ্যাডমিন |
| **আলোচ্যসূচি- ১১ ঃ দুর্ঘটনা সংগঠিত হওয়ায় কুংফু কেরাতের প্রশিক্ষন বন্ধ করার মিসেস শিরীনা খাতুন, বাড়ী নং ৩০৮, রোড নং ০৪ এর আবেদনপত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন।**<br><br>**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনা শেষে, ইসি কমিটি আবেদনের উপর কোন ব্যবস্থা গ্রহন না করার সিদ্ধান্ত নেয়। তবে কুংফু কেরাতের প্রশিক্ষককে যথাযথ কার্পেট স্থাপনের কাজ সম্পন্ন করে পূনরায় প্রশিক্ষন শুরু করতে পারে বলে মত দেওয়া হয়। এ ব্যাপারে সিনিয়র ভাইস প্রেসিডেন্ট প্রশিক্ষককে যথাযথ নির্দেশ প্রদান করবেন। এ প্রসংগে বর্তমান প্রশিক্ষন স্থান পরিবর্তন করে সিনিয়র ভাইস প্রেসিডেন্ট কর্তৃক সুপারিশকৃত স্থানে স্থানান্তর করার সিদ্ধান্ত হয়। | সিনিয়র ভাইস প্রেসিডেন্ট |
| **আলোচ্যসূচি- ১২ ঃ Discussion on points raised by Capt M Omar Faruque (G) psc, BN**<br><br>ক। **পরিষদ তহবিল হিসাব যথাযথ করার জন্য কয়েকটি ফান্ডে ভাগ করা ঃ** বারিধারা ডিওএইচএস পরিষদ তহবিল থেকে খেলাধুলা, ফিটনেস সেন্টার, লেডিস ক্লাব, প্লান্টেশন, গার্ডেনিং ইত্যাদি খাতে অর্থ সংকুলান সাপেক্ষে ব্যয় নির্বাহ করা হয়। এই তহবিলের আয়তনও বেশ বড়। এই তহবিল থেকে স্পোর্টস ও কালচারাল এবং বাগান তহবিল নামে ছোট দুইটি তহবিল আলাদা করা হলে আয়ের পথ বৃদ্ধি করা সাপেক্ষে এলাকার যথাযথ উন্নয়ন ও সৌন্দর্য্যবর্ধন করার জন্য অর্থ ব্যয় করা সম্ভব হবে।<br><br>**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনা শেষে, প্রস্তাবিত সুপারিশ জটিল হেতু বর্তমান ব্যবস্থা চালু থাকবে মর্মে সকল সদস্য মত প্রকাশ করেন।<br><br>খ। **আগ্রহী বারিধারা ডিওএইচএস এর বাসিন্দাদের সাঁতার প্রশিক্ষন/অনুশীলন করা প্রসঙ্গে।** অত্র ডিওএইচএস এর জন্য একটি সুইমিং পুল তৈরির পরিকল্পনা নেয়া হয়েছে। এই সুইমিং পুল নির্মান না হওয়া পর্যন্ত ডিওএইচএস কর্তৃপক্ষ আগ্রহীদের সাঁতার প্রশিক্ষন/অনুশীলনের ব্যবস্থা করলে সকলে খুশি হবে। প্রস্তাবিত ব্যবস্থায় আর্মি গলফের কোর্সের সুইমিং পুলের সাথে যোগাযোগ করলে কিছু ফি দিয়ে নিয়ম মাফিক | ট্রেজারার |

| | |
|---|---|
| সুইমিং করা যায় বলে তিনি আশা প্রকাশ করেন। অত্র এলাকার যারা আর্মি গলফের মেম্বার তাদের গেস্ট হিসেবে ২০০/-টাকা প্রদান করে সুইমিং প্রশিক্ষন/অনুশীলন করতে পারবে।<br><br>**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনা শেষে, কেন্দ্রীয়ভাবে ব্যবস্থাপনা না করার সিদ্ধান্ত নেওয়া হয়। ক্যাপ্টেন এম ওমর ফারুক (জি), পিএসসি, বিএন (অবঃ) এবং অন্যান্য আগ্রহী গলফ মেম্বারগণ নিজস্ব ব্যবস্থাপনায় বা তত্ত্বাবধানে আগ্রহীদের সাতারুদের গলফ সুইমিংপুলে কেন্দ্রীয়ভাবে নিয়ে যেতে পারেন। | ক্যাপ্টেন এম ওমর ফারুক (জি), পিএসসি, বিএন (অবঃ) |

**আলোচ্যসূচি- ১৩ ঃ Discussion on points raised by Brig Gen M Najeeb Hassan, ndc, psc, G (Retd)**

**POINT NO. 1 : Discussion and Course of Action on Master Plan Relating to Games & Sports Facilities.**

1. Considering the limitations and availability of open space in DOHS Baridhara, a well-planned and modern facilities for games & sports could be developed to meet the needs of the society. As such a Master Plan for DOHS Baridhara Game & Sports has been prepared encompassing following facilities as below:

**a. Development of a Football and Cricket ground with artificial turf by interchanging the existing Basketball ground with the Football ground.**

**b. Development of a standard "Indoor Badminton Court" with a small spectator gallery.**

**c. Development of a standard Basketball Court on the rooftop of the proposed Indoor Badminton Court, including a small spectator gallery.**

**d. Development of a multi-storied complex to accommodate indoor games and recreational facilities such as Table Tennis, Billiards, Carrom etc.**

**e. Provision for additional sports facilities in the future.**

2. The above plan has already been approved in last AGM on 07 February 2026. A team of officers alongwith the members of Development Committee of DOHS Baridhara were apprised about the Master Plan through a Power Point Presentation on 07 May 2026.

3. **Probable Course of Action:** Now to go ahead with the above development work, following actions may kindly be taken :

a. Dove-tailing the existing facilities of Games/Sports with proposed Master Plan.
b. Steps to include this plan with the Master Plan of DOHS Baridhara.
c. Exploring/Discussion on the likely source of Finance.
d. Organising some kind of event on Games/ Sports to especially invite national/influential political/military/bureaucratic personality and propound our vision, thus gain administrative or financial support.
e. In order to integrate our sports activities with various national sports organisations, we should ensure registration with appropriate authority as "DOHS Baridhara Sports Club" under the control of DOHS Baridhara EC Committee.

**সিদ্ধান্ত ঃ**

ব্রিগেঃ জেনাঃ নজীব হাসান, এনডিসি, পিএসসি, জি (অবঃ), সিনিয়র ভাইস প্রেসিডেন্ট এবং কনভেনার স্পোর্টস এন্ড কালচারাল সাব-কমিটি সভায় উপস্থিত সকলকে অতি সুন্দরভাবে উল্লেখিত প্রকল্পটির প্রয়োজন ও পরিকল্পনা উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনা শেষে, উক্ত প্রকল্পটির ব্যাপারে ঐক্যমতে পৌছাঁনো

| | |
|---|---|
| সম্ভব না হওয়ায় ভোটের মাধ্যমে সংখ্যা গরিষ্ঠের ভিত্তিতে কর্তৃপক্ষের নিকট মাস্টার প্লানে সুইমিং পুলের স্থানে multi-storied শেড এর ভিতর সুইমিংপুল, বাস্কেটবল ও ইনডোর ব্যাডমিন্টন কোর্টের অর্ন্তভূক্তির জন্য একটি প্রস্তাব প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়। প্রস্তাবের পক্ষে ১০ জন সদস্য সমর্থন জানান। উপস্থিত অন্যান্য ৬ জন সদস্য (প্রেসিডেন্ট, সেক্রেটারী, ট্রেজারারসহ) মাস্টার প্লানে অর্ন্তভূক্তির জটিলতা, বাস্তবায়নে জন্য অর্থের ব্যবস্থা, বাস্তবায়নের সম্ভবনা ও আর্থিক সহায়তার জন্য ডিওএইচএস এর বাইরে থেকে অর্থের উৎস খোঁজা, বিশেষ করে রাজনৈতিক ব্যক্তিবর্গের সংশিষ্টতা ও অংশীদারিত্বের বিষয়টি বিবেচনা করে উক্ত প্রস্তাবে সম্মত হয়নি। । বিদ্যমান সুবিধাদি আরও উন্নত করার মাধ্যমে বাসিন্দাদের খেলাধুলা ও স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে আগ্রহী।<br><br>**<u>আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তগুলি অচিরেই সম্পন্ন করার সিদ্ধান্ত নেওয়া হয়ঃ</u>**<br><br>ক। ডিওএইচএস বারিধারা স্পোর্টস ক্লাব নামে রেজিষ্ট্রেশন কাজ সম্পন্ন করার জন্য সিনিয়র ভাইস প্রেসিডেন্ট যথাযথ ব্যবস্থা নিবেন।<br><br>খ। প্রস্তাবিত প্রকল্পসমূহ ডিওএইচএস মাস্টার প্লানে অর্ন্তভূক্তি অনুমোদিত হওয়ার পূর্বে অবশ্যই বর্তমান ফুটবল মাঠে ১ ফুট পরিমান মাটি ফেলে অধিকতর ব্যবহার উপযোগী করা হবে।<br><br>গ। প্রস্তাবিত স্পোর্টস কমপ্লেক্স (Revised plan) মাস্টার প্লানে অর্ন্তভূক্ত করার জন্য সেনাসদরে একটি পত্র লিখতে হবে। এ ব্যাপারে সিনিয়র ভাইস প্রেসিডেন্ট একটি পত্র তৈরী করে সেনাসদরে প্রেরণ করবেন। | কনভেনার স্পোর্টস এন্ড কালচারাল সাব-কমিটি |
| আলোচ্যসূচি- ১৪ ঃ Any other business<br><br>ক। লেঃ কর্ণেল আব্দুন নুর খান (অবঃ), সদস্য নিরাপত্তা প্রহরীর ব্যারাকের Structural Design দুর্বল হওয়ায় নতুনভাবে নির্মাণের প্রস্তাব করেন এবং ব্যারাকের ছাদের উপর স্থাপিত Mobile Tower দুইটি (একটি পূর্ব দিকে ও অন্যটি পশ্চিম দিকে) যখন দোল খায় (অর্থাৎ তীব্র বাতাসে ও বানর কর্তৃক ঝাকানোয়), তখন ব্যারাকের কক্ষগুলো ভূমিকম্পের মত কাঁপতে বা নড়তে থাকে। এতে করে যে কোন সময় দূর্ঘটনা ঘটতে পারে তা অপসারনের জন্য প্রস্তাব করেন।<br><br>**<u>সিদ্ধান্ত ঃ</u>** বিস্তারিত আলোচনা শেষে, বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ ও জরুরী বলে বিবেচিত হয়। এর আগেও বিভিন্ন সময়ে একাধিকবার একজিকিউটিভ কমিটি সভায় উক্ত ব্যাপারে বিষয়টি আলোচিত হয়েছে। গুরুত্ব বিবেচনা করে জরুরী ভিত্তিতে সেনাসদর, লগ এরিয়া, স্টেশন সদর দপ্তর এবং ক্যান্টনমেন্ট বোর্ডে একটা পত্র প্রেরণ করার সিদ্ধান্ত গৃহিত হয়। | সেক্রেটারী ও মেম্বার এ্যাডমিন |
| খ। গ্রুপ ক্যাপ্টেন এস এম এ খালেদ, এনডিইউ, পিএসসি (অবঃ), ট্রেজারার সভায় জ্ঞাত করেন যে, কিছু সম্মানিত সদস্যগণ পরিষদ সাবস্ক্রিপশন নিয়মিত প্রদান করছেনা। বর্তমানে বকেয়ার পরিমান প্রায় ২০ লক্ষ টাকা। এ সকল সদস্যদের নিকট হতে বকেয়া সাবস্ক্রিপশন আদায়ের লক্ষে কি কি ব্যবস্থা গ্রহন যেতে পারে আলোচনার জন্য উপস্থাপন করেন।<br><br>**<u>সিদ্ধান্ত ঃ</u>** বিস্তারিত আলোচনা শেষে, যাদের সাবস্ক্রিপশন ৬ মাসের বেশি বকেয়া তাঁদের ফ্লাটের ডিস ও ইন্টারনেট লাইন বকেয়া সাবস্ক্রিপশন প্রদান না করা পর্যন্ত সাময়িকভাবে স্থগিত করার সর্ব-সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। এ ব্যাপারে আইটি এন্ড কমিনিউকেশন সাব-কমিটির কনভেনার অতি সত্ত্বর ব্যবস্থা গ্রহন করবেন। ট্রেজারার এই সব খেলাপীদের তালিকা আইটি এন্ড কমিনিউকেশন সাব-কমিটিকে অতিসত্ত্বর হস্তান্তর করবেন। | ট্রেজারার ও কনভেনার আইটি এন্ড কমিনিউকেশন সাব-কমিটি |

| | |
|---|---|
| গ। ব্রিগেঃ জেনাঃ এম নজীব হাসান, এনডিসি, পিএসসি, জি (অবঃ), সিনিঃ ভাইস প্রেসিডেন্ট এবং কনভেনার স্পোর্টস এন্ড ফিটনেস সেন্টার সাব-কমিটি সভায় উপস্থাপন করেন যে, আসন্ন ফুটবল বিশ্বকাপ খেলা ডিওএইচএস পুকুর পাড়ের মাঠে স্পন্সরের মাধ্যমে বড় পর্দায় দেখানো হবে বলে জানান এবং স্পন্সরকে ২টি খাবারের স্টল দেয়া হবে এবং তারাই সকল খরচ বহন করবে।<br><br>**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনা শেষে, ডিওএইচএস এর সম্মানিত অনেক বাসিন্দাগণ বিশ্বকাপ ফুটবল খেলা পছন্দ করেন বিধায় স্পন্সরের মাধ্যমে বড় পর্দায় দেখানো সর্ব-সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। এ ব্যাপারে সিনিঃ ভাইস প্রেসিডেন্ট এবং কনভেনার স্পোর্টস এন্ড ফিটনেস সেন্টার সাব-কমিটি সকল ব্যবস্থা নিশ্চিত করবেন। | কনভেনার স্পোর্টস এন্ড ফিটনেস সেন্টার সাব-কমিটি |
| ঘ। কর্নেল এম আব্দুল হাই (অবঃ), প্রেসিডেন্ট সভায় উপস্থাপন করেন যে, পরিষদের বিভিন্ন সমস্যা সমাধান করার সাথে সাথে বাড়ী/ফ্ল্যাট বিক্রয় সংক্রান্ত সমস্যা নিয়ে ব্যস্ত থাকতে হয়। এ প্রসংগে তিনি ১৪ বছর যাবৎ মেজর জেনাঃ মোহাম্মদ আলী সিকদার এবং মেজর আবু তাহেরের সমস্যার কথা উল্লেখ করেন।<br><br>**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনা শেষে, তাদের সমস্যা সমাধান করতে সেনাসদর থেকে পরিষদের মতামত চাওয়া হয়েছে। কর্নেল মোহাম্মদ ওয়ালী উল্লাহ (অবঃ), কর্নেল জয়নুল আবেদীন (অবঃ), ক্যাপ্টেন এম এম আজিজ, পিএসসি, বিএন (অবঃ) এবং মিসেস সাবরিনা মফিজ এই ৪ জন সম্মানিত ইসি সদস্য উক্ত বাড়ীতে সরজমিনে পরিদর্শন করে একটা খসড়া মতামত তৈরী করে উপস্থাপন করবেন। যা পরবর্তীতে সেনাসদর প্রেরণ করা হবে। এই সুপারিশমালা আগামী ১০ জুন ২০২৬ মধ্যে প্রেরণ করার জন্য অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট সদস্য |
| ঙ। কর্নেল মোহাম্মদ ওয়ালী উল্লাহ (অবঃ), ভাইস প্রেসিডেন্ট সভায় উপস্থাপন করেন যে, মিসেস সায়মা আলমগীর, বাড়ী # ৪৪৩, রোড # ০৭, তিনি অনেকদিন যাবৎ বিভিন্নি দপ্তরের নির্দেশনা থাকা সত্ত্বেও বিক্রিত ফ্লাটের রেজিট্রেশন করে দিচ্ছেন না।<br><br>**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনা শেষে, মিসেস সায়মা আলমগীর, বাড়ী # ৪৪৩, রোড # ০৭ কে দ্রুতসম্ভব রেজিট্রেশন প্রক্রিয়া/কার্যক্রম শুরু করার জন্য পরিষদ হতে একটি পত্র প্রেরণ করার সিদ্ধান্ত নেওয়া হয়। | ভাইস প্রেসিডেন্ট |
| চ। গ্রুপ ক্যাপ্টেন এস এম এ খালেদ, এনডিইউ, পিএসসি (অবঃ), ট্রেজারার ও কনভেনার মসজিদ কমিটি জানান যে, বর্তমানে মসজিদে নিয়োগকৃত সিনিয়র মুয়াজ্জিনের শুক্রবারের বয়ানের প্রস্তুতি কম পরিলক্ষিত হয় এবং মাঝে মাঝে নামাজে দাঁড়াতে নির্ধারিত সময়ের পরে আসেন। এ ব্যাপারে তাকে মৌখিকভাবে সর্তক করা হয়েছে। উন্নতি না হলে পরবর্তীতে প্রশাসনিক ব্যবস্থা নেয়া হবে মর্মে সকল সদস্য একমত পোষন করেন। | কনভেনার মসজিদ সাব-কমিটি |
| ছ। বারিধারা ডিওএইচএস মেডিকেল সেন্টার ডাঃ মওদুদুর রহমান এর বার্ধক্যজনিক কারনে বিভিন্ন জিনিস মনে রাখতে পারেননা। মেডিকেল সেন্টার একটা গুরুত্বপূর্ণ বিষয়। পরিষদের নীতিমালা অনুযায়ী চাকুরীর বয়স সর্বোচ্চ ৬৫ বছর।<br><br>**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনা শেষে, ডাঃ মওদুদুর রহমানকে বার্ধক্যজনিক কারনে আগামী ৩০ জুন ২০২৬ হতে অব্যাহতি দেয়ার পক্ষে সকল ইসি সদস্য একমত পোষন করেন। আগামী ০১ জুলাই ২০২৬ থেকে অস্থায়ীভাবে একজন অভিজ্ঞ ডাক্তার নিয়োগের সিদ্ধান্তও গৃহিত হয়। | সেক্রেটারী ও কনভেনার, মেডিকেল সেন্টার |

| | |
|---|---|
| জ। লেডিস ক্লাব রুমে স্থাপিত ২০০৫ সালের ‘অনার বোর্ড’ নিয়ে আলোচনা করা হয়। <br><br> **সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনা শেষে, যেহেতু স্থাপিত ২০০৫ সালের ‘অনার বোর্ড’ নিয়ে লেডিস ক্লাব সদস্যদের মাঝে বিরুপ প্রক্রিয়া ও মত বিরোধ দেখা দিয়েছে এবং ইতোমধ্যে অনার বোর্ডে লিপিবদ্ধ তালিকা সঠিক নয় মর্মে পরিষদ জ্ঞাত হয়েছে তাই পরবর্তী সিদ্ধান্ত না হওয়া পর্যন্ত ‘অনার বোর্ড’ এর কার্যক্রম স্থগিত করা হলো। এছাড়া অতিসত্ত্বর উক্ত বোর্ডটি পরবর্তী সিদ্ধান্ত না দেওয়া পর্যন্ত নামিয়ে ফেলার সিদ্ধান্ত গৃহিত হয়। | সেক্রেটারী ও কনভেনার, লেডিস ক্লাব |
| **আলোচ্যসূচি-১৫ ঃ পরবর্তী নির্বাহী কমিটির সভা ঃ** আগামী ২৭ জুন ২০২৬ (শনিবার), সন্ধ্যা ১৯৩০ ঘটিকায় অনুষ্ঠিত হবে মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়। | সেক্রেটারী |
| **আলোচ্যসূচি - ১৬ ঃ প্রেসিডেন্ট এর সমাপনী বক্তব্য ঃ** সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় প্রেসিডেন্ট নির্বাহী কমিটির সকল সদস্যদেরকে পুনরায় ধন্যবাদ জ্ঞাপন করে ও সকলের সুস্বাস্থ্য কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন। | |

ব্রিগেঃ জেনাঃ শাহ মোঃ মহিউদ্দিন (অবসরপ্রাপ্ত)
সেক্রেটারী
০৬ জুন ২০২৬

**অনুমোদনক্রমে -**

কর্নেল এম আব্দুল হাই (অবসরপ্রাপ্ত)
প্রেসিডেন্ট
০৬ জুন ২০২৬

**কার্যক্রম ঃ**

সম্মানিত নির্বাহী কমিটির সদস্যবৃন্দ
হিসাব শাখা
কনভেনশন সেন্টার শাখা